মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২২/০৩/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০২/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় ০৬টি বস্তিতে উন্নয়নের কাজ চলমান রয়েছে। তিনি এই কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ৬টি বস্তিতেই বস্তি উন্নয়নের কাজ চলছে। ইতি মধ্যে ৬টি বস্তিতে ১৪টি সোলার ষ্টিট লাইট স্থাপন সম্পন্ন হয়েছে। ৬টি বস্তির ফুটপাথ ও ড্রেনের কাজ শেষ হয়েছে। ইতি মধ্যে ২৮ টি গভির নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে এবং বাকি ১৬ টির কাজও দ্রুত এগোচ্ছে। তিনি বলেন ৬টি বস্তিতে ৬৫টি পায়খানার কাজ শুরু হয়েছে এবং এইগুলির প্রায় ৭৫% কাজ সম্পন্ন হয়েছে। ২য় কিস্তির	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	অর্থের পরিমান শেষের দিকে। তিনি বলেন, আর এক সপ্তাহের মধ্যেই ২য় কিস্তির সমস্ত টাকার কাজ শেষ হয়ে যাবে। তিনি বলেন মেয়র মহোদয়ের নির্দেশে এই কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করার চেষ্টা করা হচ্ছে। এই কার্যক্রম পরিদর্শনের জন্য তিনি এই কমিটির সকল সদস্যকে সাইড পরিদর্শন করার আহবান জানান। সভাপতি মহোদয় কাজের অগ্রগতি নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করেন। বাকি কাজগুলি যাতে দ্রুত সময়ে শেষ করা যায় সে ব্যাপারে মেয়র মহোদয়ের সহযোগিতা কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, আগামী জুন'২০২১ এর মধ্যে বস্তির সমস্ত কাজ শেষ করতে হবে বিধায় কোন রকম কালক্ষেপন না করে অতি দ্রুত কাজ সম্পাদন করতে হবে। এই ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাব মোঃ হারুন-উর-রশীদ, নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ খবই স্পর্শকাতর একটি কাজ। যেহেতু একটি কমিটির মাধমে এই কাজ সম্পাদন হচ্ছে, সেহেতু সকলকে এই ব্যাপারে সজাগ থাকতে হবে এবং কাজের গুনগত মান ভালো হয় সেদিকে অবশ্যই নজর দিতে হবে। কাজ করতে টেকনিক্যাল কোন সমস্যা হলে অবশ্যই যেন তা প্রকৌশলীদের জানানো হয়। এ ব্যাপারে মেয়র মহোদয় সভায় বলেন, কাজের সাইডে অবশ্যই প্রকৌশলী থাকবেন। যাতে কাজের কোন সমস্যা না হয়। তিনি নির্বাহী প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করেন যাতে নিয়মিত বস্তির কাজের সাইড পরিদর্শন করা হয়। এছাড়া তিনি নিজেও এই কাজ পরিদর্শন করছেন এবং সকলকে নিয়মিত পরিদর্শনের জন্য অনুরোধ করেন। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২২/০৩/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	17.03.21
৯			
১০			